# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.১০২.১৯.২৬৯.২১-২৬ | তারিখ: ১৩ জানুয়ারি ২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। সরাসরি অথবা ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

| ক্র. ন | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | বয়স | পদ সংখ্যা | আবেদন/নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সিনিয়র সিস্টেম এনালিস্ট টাকা: ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | ৪৫ বৎসর | ১টি | (ক) কম্পিউটার বিজ্ঞান/ পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রী অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।<br>(খ) সিস্টেম এনালিস্ট পদে ৩ (তিন) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা।<br>কম্পিউটার বিজ্ঞান এবং ইঞ্জিনিয়ারিং এ স্নাতক অথবা কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে ২ (দুই) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০২ | উপপরীক্ষা নিয়ন্ত্রক/ উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোক) টাকা: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | ৪০ বৎসর | ২টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কারিগরি শিক্ষা প্রশাসন ও পরীক্ষা সংক্রান্ত কাজে প্রথম শ্রেণির পদে ১০ (দশ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা। |

| ক্র. ন | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | বয়স | পদ সংখ্যা | আবেদন/নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০৩ | উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা)<br>টাকা: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | ৪০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি এবং প্রথম শ্রেণির পদে ১০ (দশ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা। |
| ০৪ | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>টাকা: ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | ৪০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ১টি | (ক) কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স-এ স্নাতক (প্রকৌশল) ডিগ্রি;<br>(খ) কোন কম্পিউটার স্থাপনায় সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা। |
| ০৫ | প্রোগ্রামার<br>টাকা: ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | ৩৫ বৎসর | ৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা, পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি;<br>(খ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে;<br>(গ) সহকারী প্রোগ্রামার পদে অনূন ৪ (চার) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা; তবে কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ২ (দুই) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা। |
| ০৬ | সহকারী সচিব<br>টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ বোর্ড, বিশ্ববিদ্যালয় অথবা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা প্রশাসনের কাজে ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা। |
| ০৭ | সহকারী প্রোগ্রামার<br>টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ বৎসর | ৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা, পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি;<br>(খ) প্রোগ্রামিং এর জন্য স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

| ক্র. ন | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | বয়স | পদ সংখ্যা | আবেদন/নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০৮ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)/ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ বৎসর | ২টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০৯ | সহকারি পরিচালক (হিসাব ও নিরীক্ষা) টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ বোর্ড, বিশ্ববিদ্যালয় অথবা কোন সংস্থা বা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কাজে ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা। |
| ১০ | প্রেস ম্যানেজার কাম-প্রুফ রিডার টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা কোন স্বীকৃত বোর্ড হইতে ডিপ্লোমা-ইন-প্রিন্টিং টেকনোলজিতে উত্তীর্ণসহ মুদ্রণের কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) বাস্তব অভিজ্ঞতা। |
| ১১ | কোয়ালিটি অ্যাসুরেন্স অফিসার টাকা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ৩৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থী এবং ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ২টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা এবং তথ্য ও কম্পিউটার প্রযুক্তি (আইসিটি) ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কারিগরি বা প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কারিগরি শিক্ষা ক্ষেত্রে ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) শিক্ষকতার অভিজ্ঞতা এবং আইসিটি ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে;<br>অথবা<br>প্রথম শ্রেণিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমানের যোগ্যতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর বা সমমানের পদে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) |

| ক্র. ন | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | বয়স | পদ সংখ্যা | আবেদন/নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা এবং আইসিটি ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে।<br>খ) শিক্ষা প্রশাসনে দায়িত্ব পালন, প্রতিষ্ঠান বা কোর্স মনিটরিং এর কাজ সম্পাদন, কোর্স কারিকুলাম প্রণয়ন, বই লেখা ও সম্পাদনার কাজের অভিজ্ঞতা, সিবিটিএন্ডএ প্রোগ্রামে প্রশিক্ষণ প্রাপ্ত, সিবিটিএন্ডএ সংক্রান্ত দায়িত্ব পালন বা শিক্ষক প্রশিক্ষণে ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২ | নিরাপত্তা কর্মকর্তা টাকা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ নিরাপত্তা সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা। |
| ১৩ | সেকশন অফিসার টাকা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ৩৫ বৎসর | ২টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রিসহ উচ্চমান সহকারী বা সমমানের পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) অভিজ্ঞতা। |
| ১৪ | পার্সোনাল অফিসার টাকা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সাঁটলিপির গতি মিনিটে ইংরেজিতে ১২০ এবং বাংলায় ৮০ শব্দ এবং মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৪০ এবং বাংলায় ৩০ শব্দ, তবে সাঁট-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের (১৩ জানুয়ারি ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত) চাকুরির অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |
| | | মোট= | ২৩টি | |

১। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবে:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bteb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন। Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষরসহ) যথাযথভাবে পূরণ করিয়া দিতে হইবে। অসম্পূর্ন আবেদনপত্র সরাসরি বাতিল করা হইবে;

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৩ জানুয়ারি ২০২২ খ্রি., সকাল ১০.০০টা।

ii. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২ ফেব্রুয়ারি ২০২২ খ্রি., বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u> Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাইবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করিবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ১নং থেকে ১৪নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৬.০০টাকা সহ মোট ৩৩৬/- (তিনশত ছত্রিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবেনা।"**

<u>প্রথম SMS:</u> BTEB <space> User ID লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।

Example: BTEB ABCDEF

Reply: Applicant's Name, Tk-336 (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BTEB<space>Yes<space>PIN and send to 16222.

<u>দ্বিতীয় SMS:</u> BTEB <space>Yes<space>PIN লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।

Example: BTEB YES 12345678

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for BTEB Application for the post XXXXXXXXXXXXX User Id is (ABCDEF) and Password is (XXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bteb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে **(শুধুমাত্র যোগ্য প্রার্থীদের)** যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করিয়া নিবেন। প্রার্থী কর্তৃক প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করিতে হইবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

ঝ. i. User ID জানা থাকিলে: BTEB<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: BTEB Help User ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকিলে: BTEB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BTEB Help PIN 12345678 & Send to 16222

ঞ. Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@taletalk.com.bd অথবা mdshossain300@gmail.com ইমেইলে যোগাযোগ করা যাইবে।

ট. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে কর্মকর্তা নিয়োগ ২০২২ এর বিজ্ঞপ্তি Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://bteb.teletalk.com.bd এ পাওয়া যাইবে।

২। সকল পদে (ছকে উল্লিখিত ক্রমিক নং ১,২,৩,৪,৫,১১ এবং ১৩ এর পদ ব্যতীত) প্রার্থীর বয়স ১৩ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। বয়স প্রমানের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা কম/বেশি হইতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

৫।    মৌখিক পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে:

ক) সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করিতে হইবে ।

গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে । এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করিতে হইবে ।

ঘ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ি উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে ।

ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হইবে।

৬।    নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি. এ./ডি. এ প্রদান করা হইবে না।

৭।    অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমানিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৮।    অনাকাঙ্খিত ভুল-ভ্রান্তি সংশোধন যোগ্য এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯।    অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করিবার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০।    উপযুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া হইবে। প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হইবে; পরীক্ষার তারিখ, সময় ও নিয়মাবলী পরবর্তীতে জানানো হইবে।

26/03/2022

**(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)**

**সচিব**

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।**